

উত্তরবঙ্গ সংবাদ

29 December 2018

দুস্থদের শীতবস্ত্র দান, বনভোজন

বীরপাড়া, ২৮ ডিসেম্বর : তাঁরা কেউ থাকেন অসমের তেজপুৰ, কেউবা মুম্বই কেউ আবার কলকাতায় বিভিন্ন দপ্তরে চাকরি করলেও তাঁদের একে অপরের সঙ্গে একটা অদ্ভুত মিল রয়েছে। তাই তাঁরা কয়েকজন মিলে একটি সংস্থা গড়ে তুলেছেন। নাম দিয়েছেন বেহালা কুর্নিশ ওয়েলফেয়ার অর্গানাইজেশন। নিজেরা চাঁদা তুলে দুস্থ মানুষের পাশে দাঁড়ান। সাগর থেকে পাহাড় পর্যন্ত তাঁরা দুস্থ মানুষের সাহায্য করেন। তাই তাঁদের ব্যবস্থাপনায় এবং ডিমডিমা হেভেন আশ্রয় গৃহের সহযোগিতায় শুক্রবার এক হাজার দুস্থ মানুষকে শীতবস্ত্র দান করা হল। এদিন ডিমডিমা নদীর চরে এই দুস্থ মানুষদের নিয়ে বনভোজন করলেন ওই সংস্থার সদস্যরা। বেহালা কুর্নিশ ওয়েলফেয়ার অর্গানাইজেশনের পক্ষে দিবাকর ব্যানার্জি, অতীক ঘোষ এবং অতনু ঘোষরা বলেন, 'আমরা আমরা সুন্দরবনের আয়লা বিধ্বস্ত



ডিমডিমা নদীর চরে দুস্থদের নিয়ে বনভোজন। ছবি : সুনীল রায়

এলাকার দুস্থ মানুষদের সাহায্য করতাম। তারপর আমরা এই ডুয়ার্স এলাকায় এসে ডিমডিমা, ঢেকলাপাড়া, বান্দাপানি এবং নাগরাকাটা ব্লকের ক্যারন চা বাগানে ঘুরে সামনে থেকে দেখেছি মানুষ কীভাবে আছে। তাই আমরা সিদ্ধান্ত নিই, ডুয়ার্স এলাকার দুস্থ মানুষ শীতবস্ত্র দান করব।'

আবার শনিবার বন্ধ বান্দাপানি চা বাগান এবং নাগরাকাটা ব্লকের ক্যারন চা বাগানের দুস্থ মানুষদের শীতবস্ত্র দেওয়ার সঙ্গে তাঁদের নিয়ে বনভোজন হবে।